

সামিটের মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা এখন ১,৯৪১ মেগাওয়াটে উত্তীর্ণ হলো- নির্ধারিত সময়ে সামিট গাজীপুর ১ পাওয়ারের সফলভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু



ফটো ক্যাপশন: মাত্র দুই মাসেরও কম ব্যবধানে সামিটের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতায় আরও দেড়শো মেগাওয়াটের সংযোজন হলো।

(ঢাকা) ১৫ই জুলাই, ২০১৮: বাংলাদেশের সর্ববৃহৎ স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি প্রতিষ্ঠান (আইপিপি) সামিট আরও একটি এইচএফও-জ্বালানি ভিত্তিক ১৪৯ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্রে উৎপাদন শুরু করেছে। সামিট গাজীপুর ১ পাওয়ার লিমিটেড (এইস এলাইয়েন্স পাওয়ার লিমিটেড নামেও পরিচিত) বিদ্যুৎ কেন্দ্রটি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ কর্তৃক বেঁধে দেওয়া সময়ে সফলভাবে উৎপাদন শুরু করেছে। এই নিয়ে সামিটের মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১,৯৪১ মেগাওয়াটে এসে দাঁড়ালো। মাত্র দুই মাস আগে (৯ই মে ২০১৮ সালে) সামিট গাজীপুর ২ পাওয়ার (৩০০ মেগাওয়াট) বিদ্যুৎ কেন্দ্র রেকর্ড সময়ে উৎপাদনে যায়।

সামিট গাজীপুর ১ বিদ্যুৎ কেন্দ্র ১৩২ কেভিতে পিজিসিবি-র কডডায় অবস্থিত গ্রীড সাবস্টেশনে বিদ্যুৎ সরবরাহ করছে। সামিট গাজীপুর ১ এবং ২ বিদ্যুৎ কেন্দ্র দুটি ঢাকা শহর থেকে ৩০ কিমি দূরে গাজীপুর জেলার কডডায় পাশাপাশি অবস্থিত।

সামিট গাজীপুর ১ পাওয়ার লিমিটেড সম্পর্কে বিস্তারিত:

সামিট গাজীপুর ১ পাওয়ার লিমিটেড, ডিএসই এবং সিএসই-তে তালিকাভুক্ত কোম্পানি সামিট পাওয়ার লিমিটেড (৬৪ শতাংশ) এবং সামিট কর্পোরেশন লিমিটেড (৩৬ শতাংশ) এর মালিকানাধীন একটি জয়েন্ট ভেঞ্চার কোম্পানি। সামিট এই ১৪৯ মেগাওয়াট বিদ্যুৎ প্রকল্পের ১৫ বছর মেয়াদী বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) এবং বাস্তবায়ন চুক্তি (আইএ) ১২ই এপ্রিল ২০১৭ সালে বাংলাদেশ সরকারের সাথে সম্পন্ন করে।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫

<https://summitpowerinternational.com/press-release>